

হিসাববিজ্ঞান (রেওয়ামিল)

❖ যে দফা গুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে, তা নিম্নরূপ :

১. সম্পদ + ব্যয় - ডেবিট
২. আয় + দায় + মালিকানাভুক্ত - ক্রেডিট
৩. সম্পদের সুদ (আয়) - ক্রেডিট
৪. দায় + মালিকানাভুক্তের সুদ (ব্যয়) - ডেবিট
৫. ব্যয় যদি অগ্রীম থাকে (চলতি সম্পদ) - ডেবিট
৬. ব্যয় যদি বকেয়া থাকে (চলতি দায়) - ক্রেডিট
৭. আয় যদি অগ্রীম অথবা অনুপার্জিত থাকে (চলতি দায়) - ক্রেডিট
৮. আয় যদি বকেয়া থাকে (চলতি সম্পদ) - ডেবিট
৯. প্রাপ্য যার সাথেই থাকুক না কেন (চলতি সম্পদ) - ডেবিট
১০. প্রদেয় যার সাথেই থাকুক না কেন (চলতি দায়) - ক্রেডিট
১১. প্রদত্ত যার সাথেই থাকুক না কেন (ব্যয়) - ডেবিট, তবে প্রদত্ত ঋণ (চলতি সম্পদ) - ডেবিট
১২. প্রাপ্তি / প্রাপ্ত যার সাথেই থাকুক না কেন (আয়) - ক্রেডিট
১৩. দেনাদার / প্রাপ্য / বিক্রয় খতিয়ানের জের / পাওনা / পুস্তক ঋণ / বুক ডেবটস্ / অধমর্ন (চলতি সম্পদ) - ডেবিট
১৪. পাওনাদার / প্রদেয় / ক্রয় খতিয়ানের জের / দেনা / উত্তমর্ন (চলতি দায়) - ক্রেডিট
১৫. ঋণ / বন্ধকী ঋণ / ঋণপত্র / কর্জ / ঋণ গ্রহণ / প্রাপ্ত ঋণ / ডিবেঞ্চর / আগাম (দীর্ঘমেয়াদি দায়) - ক্রেডিট
১৬. ব্যাংক জমার ক্রেডিট উদ্ধৃত / ব্যাংক ও-ডি / ব্যাংক ওভার ড্রাফট / ব্যাংক জমাতিরিক্ত (চলতি দায়) - ক্রেডিট
১৭. ব্যাংক / ব্যাংক জমা / ব্যাংক জমার ডেবিট উদ্ধৃত / ব্যাংক ব্যালেন্স / স্থায়ী আমানত / ব্যাংক তহবিল (চলতি সম্পদ) - ডেবিট
১৮. বিনিয়োগ / সঞ্চয়পত্র / লগ্নি / প্রাইজবন্ড / সেভিং সার্টিফিকেট / সরকারি সিকিউরিটি (দীর্ঘমেয়াদি সম্পদ) - ডেবিট
১৯. উত্তোলন / পণ্য উত্তোলন / জীবন বীমা প্রিমিয়াম / আয়কর - ডেবিট
২০. প্রারম্ভিক মজুদ অথবা ইনভেন্টরি / সমন্বিত ক্রয় - ডেবিট
২১. ট্রেডমার্ক / গ্রন্থস্বত্ব / প্যাটেন্ট / কপিরাইট / সুনাম (অস্পর্শনীয় / অদৃশ্যমান স্থায়ী সম্পদ) - ডেবিট
২২. সকল প্রকার **কর/শুল্ক/পরিবহন** (ব্যয়) - ডেবিট
২৩. বিলম্বিত বিজ্ঞাপন (অলীক সম্পদ) - ডেবিট
২৪. বাট্টা / বরাদ্দকৃত বাট্টা / প্রদত্ত বাট্টা / মঞ্জুরিকৃত বাট্টা (ব্যয়) - ডেবিট
২৫. শুধু **কমিশন/দস্তুরি** থাকলে (ব্যয়) - ডেবিট
২৬. কুঋণ / অনাদায়ী পাওনা / অনাদায়ী দেনা / মন্দ কুঋণ / সন্দেহজনক পাওনা (ব্যয়) - ডেবিট
২৭. সকল প্রকার সমন্বিত - ক্রেডিট, কিন্তু শুধুমাত্র পাওনাদার বাট্টা সমন্বিত/পাওনা বাট্টা সমন্বিত - ডেবিট
২৮. সকল প্রকার তহবিল - ক্রেডিট, কিন্তু শুধুমাত্র নগদ তহবিল (চলতি সম্পদ) - ডেবিট
২৯. অবচয়/অবলোপন (মুনাফা জাতীয় ব্যয়) - ডেবিট, পুঞ্জিত অবচয়/ অবচয় সমন্বিত (সম্পত্তির বিপরীত) - ক্রেডিট
৩০. ক্রয় ফেরত / বহিষ্কৃত ফেরত / বহিমুখী ফেরত - ক্রেডিট
৩১. বিক্রয় ফেরত / আন্তঃফেরত / অন্তর্মুখী ফেরত - ডেবিট
৩২. রয়েলিটি / রাজসেলামি / ভ্যাট (ব্যয়) - ডেবিট
৩৩. বীমা / বীমা প্রিমিয়াম / বীমা সেলামি (ব্যয়) - ডেবিট
৩৪. নিষ্কর সম্পত্তি / দায়মুক্ত সম্পত্তি / প্রিমিকেস-নিষ্কর (স্থায়ী সম্পদ) - ডেবিট
৩৫. শিক্ষানবিস ভাতা (ব্যয়) - ডেবিট, শিক্ষানবিস সেলামি (আয়) - ক্রেডিট

- সূত্র : (১) সমন্বিত ক্রয় = প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় - সমাপনী মজুদ পণ্য
(২) বিক্রয়োপযোগ্য পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় + প্রত্যক্ষ খরচ
(৩) বিক্রিত পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় + প্রত্যক্ষ খরচ - সমাপনী মজুদ পণ্য
(৪) ক্রয় = সমন্বিত ক্রয় + সমাপনী মজুদ পণ্য - প্রারম্ভিক মজুদ পণ্য

➤ রেওয়ামিলে যে দফাগুলো আসবে না, তা নিম্নরূপ :

১. সমাপনী মজুদ পণ্য/কালান্তিক মজুদ পণ্য/ অবিক্রিত পণ্য বা দ্রব্যের ব্যয়, সমাপনী মূলধন, সমাপনী মনিহারি বা সাপ্লাইজ রেওয়ামিলে আসবে না আর সকল প্রকার সমাপনী হিসাব রেওয়ামিলে আসবে।
২. প্রারম্ভিক মূলধন, প্রারম্ভিক মজুদ (প্রত্যক্ষ ব্যয়) ও প্রারম্ভিক মনিহারি বা সাপ্লাইজ (পরোক্ষ ব্যয়) রেওয়ামিলে আসবে আর সকল প্রকার প্রারম্ভিক হিসাব রেওয়ামিলে আসবে না।
৩. সম্ভাব্য দায় / নিষ্পত্তিহীন দায় ও সম্ভাব্য সম্পদ / নিষ্পত্তিহীন সম্পদ রেওয়ামিলে আসবে না।
৪. অব্যবহৃত কিছু রেওয়ামিলে আসবে না।

[নোট : সমন্বিত ক্রয় বা বিক্রিত পণ্যের ব্যয় নামে যখন কোনো এন্ট্রি থাকবে তখন ঐ এন্ট্রিসহ রেওয়ামিলে সমাপনী মজুদ পণ্য আসবে এবং প্রারম্ভিক মজুদ পণ্য ও ক্রয় আসবে না।]